



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/13/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের মনে করিয়ে দিচ্ছেন যে ফ্লুয়ের ঘটনা বাড়তে থাকছে এবং ফ্লুয়ের মৌসুম রেকর্ড পরিমাণ উচ্চ স্তরে পৌঁছবে বলে আশা করা হচ্ছে

*গত 20 বছরের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ সাপ্তাহিক ফ্লু আক্রান্তদের কেস দেখছে স্টেট*

*পর পর 11তম সপ্তাহ ফ্লু নিউ ইয়র্ক স্টেটে ব্যাপকভাবে ছড়িয়েছে বলে রিপোর্ট করা হয়েছে*

*আপনার কাছাকাছি ফ্লুয়ের টিকা পেতে পাবেন এমন স্থানগুলির সন্ধান পাবেন [এখানে](#), এবং আপনার অঞ্চলের ফ্লুয়ের ব্যাপারে জানুন [এখানে](#)*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো সকল নিউ ইয়র্কবাসীদের মনে করিয়ে দিয়েছেন ফ্লু থেকে নিজেদের সুরক্ষিত করতে সুপারিশকৃত সতর্কতা অবলম্বন করতে যখন আজ প্রকাশিত নতুন পরিসংখ্যান দেখায় যে ফ্লুয়ের প্রকোপ এখনো তার শিখরে পৌঁছয়নি এই মৌসুমে। নিউ ইয়র্কে ফ্লুয়ের কেস নিউ ইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্ট (New York State Department of Health) 1998-99 মৌসুমে ফ্লু কেস ট্র্যাকিং শুরু করার পর থেকে এই মৌসুমে রেকর্ড-উচ্চ মাত্রায় পৌঁছতে পারে।

"যেহেতু নিউ ইয়র্ক জুড়ে ফ্লুয়ের মৌসুম এখনো শিখরে পৌঁছয়নি, আমি সবাইকে সতর্ক থাকতে এবং নিজেদের এবং তাদের পরিবারকে রক্ষা করার জন্য সহজ সাবধানতা অবলম্বন করার অনুরোধ জানাচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** "আমি ছয় মাসের বড় সব নিউ ইয়র্কবাসীদের তাদের ফ্লু শট নিতে উৎসাহ দিচ্ছি - এখনো খুব বেশি দেরি হয়নি।"

৪ ফেব্রুয়ারি সমাপ্ত সপ্তাহে সর্বশেষ ইনফ্লুয়েঞ্জা নজরদারি প্রতিবেদন দেখাচ্ছে যে টানা একাদশতম সপ্তাহ ধরে নিউ ইয়র্ক রাজ্য জুড়ে মৌসুমী ফ্লুয়ের ক্রিয়াকলাপ ব্যাপক হারে চলছে। রিপোর্ট অনুযায়ী 1998-1999 ফ্লুয়ের মৌসুম থেকে দ্বিতীয় সর্বোচ্চ সাপ্তাহিক, মোট 17,233 ল্যাবরেটরি-নিশ্চিতকৃত ফ্লুয়ের ঘটনা ঘটেছে বলে জানানো হয়েছে রাজ্য স্বাস্থ্য দপ্তরের (State Department of Health) কাছে। একটি ফ্লু মৌসুমে এক সপ্তাহের মধ্যে সব চেয়ে বেশি ল্যাব-নিশ্চিত ইনফ্লুয়েঞ্জার ঘটনা ঘটেছে 2017-18 সালে, যা 18,252টি। এই মৌসুমে মোট 1,06,824টি গবেষণাগার থেকে নিশ্চিত হওয়া কেস পাওয়া গেছে, তিনটি ফ্লু-জনিত শিশুমৃত্যুর ঘটনা সহ। গত সপ্তাহে 1,993 জন নিউ ইয়র্কের অধিবাসীকে ল্যাব-নিশ্চিত ইনফ্লুয়েঞ্জা নিয়ে হাসপাতালে ভর্তি করা হয়েছিল। এই মৌসুমে, ফ্লু সম্পর্কিত হাসপাতালে ভর্তির সংখ্যা 15,541টি।

[নিউ ইয়র্ক স্টেট ফ্লু ট্র্যাকারে \(New York State Flu Tracker\)](#) ইনফ্লুয়েঞ্জা সক্রিয়তার ডেটা পাওয়া যায়। ফ্লু ট্র্যাকার নিউ ইয়র্ক স্টেট হেলথ কানেক্টরের (New York State Health Connector)–এর একটি ড্যাশবোর্ড যেটি স্থানীয়, আঞ্চলিক এবং স্টেট জুড়ে ইনফ্লুয়েঞ্জার সক্রিয়তা সম্পর্কে সময়োপযোগী তথ্য প্রদান করে। সাধারণত অক্টোবর থেকে মে মাসের মধ্যে ফ্লু মৌসুম হয়, এবং 2019-20 মৌসুমে এখনও পর্যন্ত বিস্তৃত হওয়া বাকী আছে।

**স্বাস্থ্য দপ্তরের কমিশনার ডঃ হাওয়ার্ড জুকের বলেছেন,** "ফ্লু কার্যকলাপ এই মৌসুমে স্বাভাবিকের চেয়ে বেশি এবং এটি এখনও পর্যন্ত শিথরে পৌঁছয়নি, প্রাথমিক প্রতিরোধমূলক পদক্ষেপ গ্রহণ করলে তা ফ্লুয়ের বিস্তার প্রতিরোধ করতে সাহায্য করবে যেমন প্রায়ই হাত ধোয়া, কাশি বা হাঁচি আপনার হাত দিয়ে ঢাকা, এবং ফ্লুয়ের মত উপসর্গের সম্মুখীন হলে বাড়ি থাকা।"

৩রা জানুয়ারিতে, স্বাস্থ্য দপ্তর রাজ্যব্যাপী অ্যাডভাইজরি করেছে নিউ ইয়র্ক রাজ্য জুড়ে ফ্লুয়ের ক্রিয়াকলাপ নাটকীয়ভাবে বৃদ্ধি পাওয়া সম্পর্কে স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের সতর্ক করার জন্য।

দ্য স্টেট হেলথ ডিপার্টমেন্ট সুপারিশ করে এবং অনুরোধ করে যে ছয় মাস বা তার বেশি বয়সী প্রত্যেককে ইনফ্লুয়েঞ্জার একটি ভ্যাকসিন গ্রহণ করা উচিত। উপরন্তু, দৈনন্দিন প্রতিরোধমূলক ক্রিয়াকলাপ ফ্লু এবং অন্যান্য শ্বাসযন্ত্রের ভাইরাসের বিস্তার থামাতে সাহায্য করতে পারে:

- অন্তত 20 সেকেন্ডের জন্য সাবান এবং জল দিয়ে প্রায়ই হাত ধোবেন। যদি সাবান এবং জল না পাওয়া যায়, তাহলে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- আপনার চোখ, নাক, মুখ না-ধোয়া হাত দিয়ে ছোঁবেন না।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।
- অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার কাশি বা হাঁচি টিস্যু দিয়ে ঢাকুন, তারপর টিস্যুটি আবর্জনায়ে ফেলে দিন।
- প্রায়শই স্পর্শ করা হয় এমন বস্তু এবং পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত রাখুন।

নিউ ইয়র্ক স্টেটে ইনফ্লুয়েঞ্জা সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য, ডিপার্টমেন্ট অব হেলথের ওয়েব [পেজ](#) দেখুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবন্ধু হিব করুন](#)